# দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ
South 24 Parganas Zilla Parishad
www.zps24pgs.gov.in
New Administrative Building, 2nd & 3rd Floor, Alipore, Kolkata - 700 027
Fax: +91 33 2448 4602. e-mail: aeozp-ali@nic.in


স্মারক নং :- ৫৩৫/জেড.পি/ফেরী/নিলাম/২৩ তারিখ : ২৬/০৬/২০২৩

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধাণরকে জানানো হচ্ছে যে, সংযোজিত তালিকায় বর্ণিত ফেরীঘাটগুলি উল্লেখিত তারিখে জেলা পরিষদ কার্যালয়ে বেলা ১ টায় লাইসেন্সের মাধ্যমে পার্শ্ববর্ণিত মেয়াদের বন্দোবস্ত দেবার উদ্দেশ্যে প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হবে। ফেরীঘাটের ক্ষেত্রে ডাকের নুন্যতম বাৎসরিক ইজারামূল্যের পরিমান সংযোজনী - ৩ এ উল্লেখ করা হয়েছে।

ক) নিলামে অংশগ্রহণের যোগ্যতা ঃ

১। জেলার স্থায়ী অধিবাসী ও জেলায় অবস্থিত বিধিবদ্ধ পার্টনারশিপ ফার্ম, কোম্পানী, সমবায় সমিতি ,আনন্দধারা অন্তর্ভুক্ত স্বনির্ভরগোষ্ঠী ডাকে অংশগ্রহণ করতে পারবেন।

২। নিলামের বিজ্ঞপ্তি প্রকাশিত হইবার পর নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যাক্তি নিলামের জন্য ধার্য্যকৃত নির্দিষ্ট দিনে দুপুর ১২ মধ্যে আবেদনপত্র ও যোগ্যতার সপক্ষে প্রমাণপত্রের প্রত্যায়িত নকল কপি নিলাম টেবিলে উল্লেখিত স্থানে জমা দিতে হবে। প্রকাশ থাকে যে, নিলামের সময় নিলাম কক্ষে সমস্ত Original Copy দাখিল করিতে হইবে।

৩। ইচ্ছুক ডাকদাতা / ডাকদাতা সংস্থাকে নিলাম ডাকের পূর্বে উল্লেখিত ফেরীঘাটগুলির জন্য ডাকের নুন্যতম বাৎসরিক ইজারামূল্য “AEO, South 24 Paraganas Zilla Parishad”-এর নামে যে কোন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের কোলকাতা শাখায় ভাঙ্গানো যাবে এমন “ব্যাঙ্ক ড্রাফ্‌ট”- নিলামের **প্রারম্ভে** নিলাম কক্ষে জমা করতে হবে ।নচেৎ উক্ত নিলামে অংশগ্রহণ করতে পারবেন না ।

৪। আবেদনের সঙ্গে বৈধ আয়কর, বিক্রয়কর, ট্রেড লাইসেন্স সংক্রান্ত সার্টিফিকেট পেশ করতে হবে । কোম্পানি , সমবায় সমিতি, আনন্দধারা অন্তর্ভুক্ত স্বনির্ভরগোষ্টীর ক্ষেত্রে রেজিস্ট্রেশন সার্টিফিকেট জমা করতে হবে।

৫। দরখাস্তের সঙ্গে নির্দিষ্ট বয়ানে (তালিকায় সংযোজিত) ১০ টাকার নন্ জুডিসিয়াল স্ট্যাম্প পেপারে নোটারী প্রত্যয়িত হলফনামা জমা দিতে হইবে।

৬। প্রত্যেক বৈধ অংশগ্রহণকারী বা কারীগণ অথবা তাঁর বা তাঁদের অনুপস্থিতিতে তাঁর বা তাঁদের মনোনিত একজন প্রতিনিধি তৎসহ প্রাধিকার অর্পণ পত্র (Authorized letter) সহ নিলাম কক্ষে উপস্থিত থাকিয়া নিলামে অংশগ্রহণ করিবেন।

খ) নিলামে অংশগ্রহণের অযোগ্যতা ঃ

১। পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন ১৯৭৩ (এর রূল নং - ১৪২ (সি) অনুযায়ী) অনুযায়ী ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পর্কিত বা কোনো সংস্থার সঙ্গে যুক্ত অথবা আধিকারিক বা কর্মী অথবা কোনো অংশীদারী সংস্থার সঙ্গে যুক্ত অথবা জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি বা গ্রামপঞ্চায়েতের সঙ্গে সংস্থাগতভাবে সম্পর্কিত কোনো ব্যক্তি বা সংস্থা।

২। যদি প্রমানিত হয় যে আবেদনকারী ইতিপূর্বে জেলা পরিষদের কোনো ফেরীঘাট বিনা রাজস্বে ও অবৈধ ভাবে চালিয়েছেন।

৩। আর্থিক ভাবে 'ইনসলভেন্ট' ঘোষিত হলে।

৪। ইতিপূর্বে জেলা পরিষদ দ্বারা প্রাপ্ত কোনো দায়িত্ব পালনে শর্ত ভঙ্গ হয়ে থাকলে।

৫। অসম্পূর্ণ অথবা ভুল তথ্য দেওয়া হলে।

৬। উপরে উল্লিখিত 'ক' অনুচ্ছেদে বর্ণিত যোগ্যতাবলীর অধিকারী না হয়ে থাকলে।

৭। নিলামে অংশগ্রহনকারী প্রথম ও দ্বিতীয় ডাকদাতা বিবেচিত হওয়ার পর ডাকের টাকা জেলা পরিষদে নির্দিষ্ট দিনে জমা দিতে অসমর্থ হলে সেই সময় থেকে পরবর্তী পাঁচ বছর পর্যন্ত তিনি / সেই সংস্থা তাঁদের নিলামে অংশগ্রহনের আবেদন মঞ্জুর হইবে না।

গ) শর্তাবলী ঃ

১। (ক) ফেরী পারাপারের জন্য আবেদনকারী ডাকদাতা বা ডাকদাতা সংস্থাকে জলধারা প্রকল্পে জেলা পরিষদ হইতে প্রাপ্য বোট / নৌকা উপযুক্ত ভাড়ার মাধ্যমে লইতে হইবে। যদি অবিলম্বে জেলা পরিষদ বোট / নৌকার বন্দোবস্ত করিতে না পারে তাহলে তাহাদের নিজেদের বন্দোবস্ত করিতে হইবে। প্রতিটি ফেরীঘাটের জন্য অন্তত: দুটি বোট আবশ্যক।

(খ) ফেরী চালানোর জন্য সরকারী ট্রেনিং প্রাপ্ত অন্ততঃ দুজন মাঝি ও তৎসহ চারজন সহকারী আবশ্যক। সমস্ত মাঝি ও সহকারীদের আর্থিক দায়ভার ডাকদাতাদেরই লইতে হইবে।

২। ইচ্ছুক ডাকদাতা / ডাকদাতা সংস্থাকে নিলাম ডাকের পূর্বে উল্লেখিত ফেরীঘাটগুলির জন্য নির্ধারিত বাৎসরিক ইজারামূল্যের অর্থ ব্যাঙ্ক ড্রাফ্‌টের মাধ্যমে প্রত্যেক ডাকদাতাকে অবশ্যই নিলামের **প্রারম্ভে** নিলাম কক্ষে জমা করতে হবে। নচেৎ উক্ত নিলামে অংশগ্রহণ করতে পারবেন না । সর্বোচ্চ ডাকদাতা ও দ্বিতীয় সর্বোচ্চ ডাকদাতা ব্যতিরেকে বাকী ডাকদাতাগণের ব্যাঙ্ক ড্রাফ্‌ট নিলাম অন্তে উক্ত দিনেই ফেরৎ দেওয়া হবে। উল্লেখ থাকে যে, উক্ত ইজারামূল্যের টাকা "AEO, South 24 Paraganas Zilla Parishad"-এর নামে যে কোন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের কোলকাতা শাখায় ভাঙ্গানো যাবে এমন "ব্যাঙ্ক ড্রাফ্‌ট"-এর মাধ্যমে পরিষদের নামে জমা করতে হবে।

৩। নিলামের ক্ষেত্রে অন্ততঃ দুই জন ডাকদাতার উপস্থিতি ছাড়া নিলাম সম্পূর্ণ করা যাবে না এবং সেক্ষেত্রে উক্ত ফেরিঘাট পুনর্নিলাম হবে।

৪। নিলামে ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত ডাক হলে নূন্যতম ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০,০০১/- (পঁঞ্চাশ হাজার এক) থেকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মধ্যে ডাক হলে নূন্যতম ১০০০/- (এক হাজার) টাকা, ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার বেশি ডাক হলে নূন্যতম ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বাড়িয়ে ডাকদাতাগণকে প্রতিবার ডাক দিতে হবে।

৫। সংশ্লিষ্ট ফেরীঘাটগুলির নিলামের সর্বোচ্চ ডাকদাতা বা ডাকদাতা সংস্থাকে নিলামের সমাপ্তি ঘোষিত হওয়ার পর ডাকের সম্পূর্ণ ইজারামূল্যের অবশিষ্ট টাকা ডাকের ঐদিনে অথবা উক্ত দিনের পর দুইটি কাজের দিনের মধ্যে বিকাল ৩ টার মধ্যে ব্যাঙ্ক ড্রাফ্‌ট-এর মাধ্যমে **"AEO, South 24 Paraganas Zilla Parishad"**-এর নামে (যা কলকাতাস্থিত রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের যে কোনও শাখায় ভাঙ্গানো যাবে) জেলা পরিষদে জমা দিতে হবে। সম্পূর্ণ টাকা এইরূপে মিটিয়ে দিতে না পারলে অনুরূপ ভাবে ২য় সর্বোচ্চ ডাকদাতা বা ডাকদাতা সংস্থাকে তার ডাকের অবশিষ্ট টাকা পরবর্তী দুইটি কাজের দিনে বিকেল ৩ টার মধ্যে জমা দিয়ে ফেরীঘাটগুলির ইজারা নেওয়ার সুযোগ দেওয়া হবে। প্রথম ডাকদাতার ডাকের অবশিষ্ট অর্থ নির্দিষ্ট সময়ে জমা করতে ব্যর্থ হলে দ্বিতীয় সর্ব্বোচ্চ ডাকদাতা নিজ দায়িত্বে ও নিজ তাগিদে তার ডাকের অবশিষ্ট অর্থ পরবর্তী দুইটি কাজের দিনের মধ্যে জমা করবে। এক্ষেত্রে পরিষদ কোন ভাবেই তাকে খবর দিতে বাধ্য থাকবে না এবং দ্বিতীয় সর্বোচ্চ ডাকদাতা নির্দিষ্ট সময়ের টাকা জমা দিতে না পারলে এ ব্যাপারে চূড়ান্ত

সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা নিলাম কমিটির থাকবে অথবা যদি উক্ত ফেরীঘাটগুলির পুনর্নিলামের প্রয়োজন দেখা দেয় তবে ১ম ও ২য় ডাকদাতা ব্যতিরেকে বাকী ডাকদাতাদের পুনর্নিলামে অংশগ্রহণ করতে দেওয়া হবে।

৬। ক) সর্বোচ্চ ডাকদাতা বা ডাকদাতা সংস্থা সমুদয় টাকা উল্লিখিত শর্তানুযায়ী জমা দিতে না পারলে ডাকদাতা / সংস্থার জমা রাখা ইজারামূল্য বাজেয়াপ্ত হয়ে যাবে। অনুরূপভাবে দ্বিতীয় সর্বোচ্চ ডাকদাতা / সংস্থার ক্ষেত্রেই একই নিয়ম প্রযুক্ত হবে।

খ) নিলামের সময় যদি একজন ডাকদাতা উপস্থিত থাকেন এবং জেলা পরিষদ যদি উক্ত দিনে কোন সিদ্ধান্ত না গ্রহণ করে থাকে তবে পুনরায় যদি নিলাম হয় সেক্ষেত্রে উক্ত ব্যক্তি অংশগ্রহণ করতে পারবে।

৭। প্রথম ও দ্বিতীয় উভয় ডাকদাতাই অসমর্থ হলে ফেরীঘাট ইজারা সংক্রান্ত সিদ্ধান্ত জেলা পরিষদ যথাসময়ে গ্রহণ করবে এবং এই সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নিলামের অংশগ্রহণকারী ব্যক্তি বা সংস্থার কোন দাবী বা আবেদন গ্রাহ্য হবে না।

৮) জেলা পরিষদের দ্বারা মনোনীত নিলাম কমিটি নিলামে প্রদত্ত দর ও সংযোজিত নথীসমূহ লিপিবদ্ধ করবেন ও জেলা পরিষদের কাছে পেশ করবেন যাতে জেলা পরিষদ অন্তিম সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

৯) ইজারাদার প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ফেরীঘাটগুলির পুণঃবন্দোবস্ত দিলে অথবা এই নোটিশে বর্ণিত কোনো শর্ত ভঙ্গ বা অমান্য করে ডাকে অংশ নিয়ে ইজারা লাভ করলে ইজারা বাতিল ও দখল নামা প্রত্যাহার করে নেবার ক্ষমতা জেলা পরিষদের থাকবে। এ ক্ষেত্রে ডাকের জমা অর্থ সম্পূর্ণরূপে বাজেয়াপ্ত করার ক্ষমতা জেলা পরিষদের থাকবে।

১০) ইজারা দান সংক্রান্ত বিবাদ মীমাংসা জেলা পরিষদের সংশোধিত উপবিধি ২০১৪ অনুযায়ী সকল পক্ষের ক্ষেত্রে প্রযোজ্য ও কার্যকর হবে।

১১) নিলামের সময় থেকে ইজারার মেয়াদকালের মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত আদালতের অন্তবর্তী বা চূড়ান্ত আদেশনামা জারী হলে, তা কার্যকর করার ক্ষেত্রে ইজারাদার জেলা পরিষদের উপর কোনো আর্থিক দায়ভার / ক্ষতিপূরণ চাপাতে পারবে না।

১২) মেয়াদকাল শেষ হবার পূর্বে বিশেষ পরিস্থিতিতে জেলা পরিষদ মেয়াদসীমা হ্রাস অথবা বন্দোবস্ত প্রত্যাহার করে নিতে পারবে এবং এক্ষেত্রে বাকী সময়ের জন্য ইজারা মূল্য আনুপাতিক হারে জেলা পরিষদ ফেরত দেবে বা দাবি করবে ।

১৩) নিলাম সংক্রান্ত যে কোন বিষয়ে নিলাম কমিটির গৃহিত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৪) ফেরীঘাট ইজারা লাভ করিলে দখলনামার সহিত প্রদত্ত **Model Standard of Operating Procedure (SOP)** স্মারক নং - **3450/WT/TR/O/3W – 15/2016, dt. 05/09/2016** ইজারাদারকে সম্পূর্ণরূপে সকল অবস্থাতেই মানিয়া চলিতে হইবে। অন্যথায় তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের অধিকার পরিষদের থাকিবে।

১৫) ফেরীঘাটের নিলাম ও দুইবার পুনর্নিলামের পর নিলাম ও পুনর্নিলাম পরবর্তী বন্দোবস্ত বিহীন ঘাটগুলিকে আবেদনের মাধ্যমে ইজারা বন্দোবস্ত দিবার অধিকার জেলা পরিষদের থাকিবে। সেক্ষেত্রে আবেদনকারীর উপর নিলাম বিজ্ঞপ্তির সকল শর্ত আরোপিত হওয়ার পাশাপাশি তাকে আবেদনের সঙ্গে হলফনামা প্রদান করিতে হইবে এবং তাহার প্রস্তাবিত ইজারামূল্য কখনই নিলাম বিজ্ঞপ্তির নূন্যতম ইজারামূল্যের চেয়ে কম হইবে না এবং উক্ত বিষয়ে অন্য কোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নিলাম কমিটির সভাপতির উপরই থাকিবে।

১৬) পরিষদের ফেরীঘাটগুলিতে যিনি ব্যাক্তিগত ভাবে / সংস্থার পক্ষে পশ্চিমবঙ্গ সরকারের "জলধারা" প্রকল্পের আওতায় আসবেন সেই সকল ব্যাক্তি / সংস্থাকে "জলধারা" প্রকল্পের নির্দেশিকা মেনে ফেরি ঘাট চালাতে হবে । সেক্ষেত্রে নিলাম বিজ্ঞপ্তিতে বর্ণিত "নিলামে অংশগ্রহণের যোগ্যতা" অংশের "ক"-এর ১ নং শর্তটি প্রযোজ্য নয়।

১৭) পরিষদের কোনো ফেরীঘাট নিলাম আবেদনের মাধ্যমে ব্যাক্তিগতভাবে অথবা সংস্থার পক্ষে কোনো ব্যাক্তি ইজারা গ্রহণ করিলে এবং ইজারার মেয়াদ চলাকালীন উক্ত ফেরীঘাটে "জলধারা" ভেসেল প্রদত্ত হইলে ইজারাদার সেই ভেসেল গ্রহণ করিতে বাধ্য থাকিবে। উক্ত ভেসেলের জন্য নির্দিষ্ট ভাড়া ইজারাদার সময়ান্তরে পরিষদে জমা করিবে এবং উক্ত ভেসেলের রক্ষণা-বেক্ষণ ব্যয় ইজারাদারের উপরই ন্যাস্ত হইবে। অন্যথায় তাঁহার ইজারাসত্ত্ব এবং জমাকৃত ইজারামূল্য বাতিল হইবে পাশাপাশি তাঁর ভুটভুটি বাজেয়াপ্ত করা হইবে।

১৮) নিলামে অংশগ্রহণের প্রয়োজনীয় কাগজপত্রঃ-

ক) Application in proper format.
খ) Affidavit in given format on Rs. 10/- Non Judicial Stamp Paper with Notary Public.
গ) প্যান কার্ড এবং আধার কার্ড-এর স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি।
ঘ) আয়কর (Income Tax) জমার স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি। (কোম্পানি বা সমবায় সমিতির ক্ষেত্রে প্রযোজ্য)।

ঙ) আনন্দধারা'র অন্তর্ভুক্ত স্বনির্ভরগোষ্ঠী , সমবায় সমিতি এবং কোম্পানীগুলির ক্ষেত্রে প্রয়োজনীয় রেজিস্ট্রেশন সার্টিফিকেট।

হলফনামার বয়ান ঃ                                                                 সংযোজনী - ১

আমি _______________________, বয়স ________ বছর, পিতা ___________________, স্থায়ী বাস-গ্রাম ______________, পোঃ- ______________, থানা - ______________, জেলা ______________, বর্তমান নিবাস-গ্রাম ______________, পোঃ- ______________, থানা - ______________, জেলা ______________, পেশা ______________, ধর্ম ____________, ব্যক্তিগত ভাবে এবং ____________________________ (সংস্থার নাম)-এর দায়িত্ব প্রাপ্ত পদাধিকারী __________________ (যে যে পদে আসীন) রূপে. সজ্ঞানে ঘোষনা করিতেছি যে, দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদের স্মারক নং - ৫৩৫/জেড.পি/ফেরী/নিলাম/২৩, তারিখ : ১৬/০৬/২০২৩-এর অধীন প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তির 'ক', 'খ' ও 'গ' অনুচ্ছেদ সমূহের অধীনে বর্ণিত বিষয় ও শর্তাবলী পাঠ করিয়াছি ও ইহার মর্মার্থ অনুধাবন করিয়াছি। কবুল করিতেছি যে, আমি ও আমার সংস্থা নিলামে অংশগ্রহণের জন্য এবং ইজারার জন্য নির্বাচিত হইলে তাহা লাভের জন্য প্রয়োজনীয় সকল যোগ্যতার অধিকারী এবং কোনোভাবেই ইহার অযোগ্য নহি ও নহে। একইসঙ্গে এই মর্মে অঙ্গীকার করিতেছি, ইজারা লাভ করিলে আমি ও আমার সংস্থা উক্ত নিলাম বিজ্ঞপ্তির সকল শর্ত যে কোনো পরিস্থিতিতে যথাযথ মানিয়া চলিতে বাধ্য থাকিব ও থাকিবে। ভবিষ্যতে আমি ও আমার সংস্থা প্রদত্ত কোনো তথ্য অসম্পূর্ণ বা ভুল প্রমানিত হইলে, দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ দখলনামা খারিজ করিয়া আমার বা আমার সংস্থার বিরুদ্ধে আর্থিক ক্ষতিপূরণ আদায় করিতে পারিবে। একই সঙ্গে আরো অঙ্গীকার করিতেছি, আমি কোন ফেরীঘাট ইজারা পাইলে সেই ফেরীঘাটে সংশোধিত জেলা পরিষদ ২০২০ উপবিধি অনুযায়ী (১৮৬৫/জেড.পি/আর.ভি/ফেরী/ ২০২০, তারিখ : ২৯/১২/২০২০) যাত্রীভাড়া আদায় করিতে বাধ্য থাকিব ও সেই ভাড়া জেলা পরিষদেও উক্ত সংশোধিত উপবিধি ২০২০-তে উল্লিখিত ভাড়া হইতে বেশী হইবে না।

উপরিউক্ত বিবৃতি সমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

____________________ স্থানে, ________________ তারিখে ____________

সাক্ষর করিলাম :

সাক্ষী :

নাম                    ঠিকানা                    সাক্ষর

১.

২.

স্মারক নং :- ৫৩৫/১(১৭)/জেড.পি/খেয়া/নিলাম/২৩ তারিখ : ১৬/৩/২৩

প্রতিলিপি অবগতি ও প্রচারের জন্য প্রেরিত হ'ল :

১। যুগ্ম সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর।
২। সহকারী সভাধিপতি, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ।
৩। সচিব, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ।
৪। জেলা বাস্তুকার, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ।
৫। অর্থ নিয়ামক ও প্রধান গাণণিক আধিকারিক, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ।
৬। জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ।

৭। ____________________, নিলাম কমিটির সদস্য / সদস্যা। নিলামের দিনটিতে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।
৮। জেলা পরিষদের সদস্য / সদস্যা এবং পরিষদের কর্মাধ্যক্ষগণ, দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ।
৯। মহকুমা শাসক, ক্যানিং / কাকদ্বীপ / ডায়মন্ড হারবার / বারুইপুর / আলিপুর সদর, দক্ষিণ ২৪ পরগনা।

১০। সভাপতি, ____________________ পঞ্চায়েত সমিতি, দক্ষিণ ২৪ পরগনা।

১১। সমষ্টি উন্নয়ন আধিকারিক ও নির্বাহী আধিকারিক ____________________ পঞ্চায়েত সমিতি, দক্ষিণ ২৪ পরগনা। (আপনার আওতাধীন সকল থানা ও সকল গ্রাম পঞ্চায়েত এবং জেলা পরিষদের সকল সদস্য ও সদস্যাকে অবহিত করার অনুরোধ করা হল)।

১২। ভারপ্রাপ্ত আধিকারিক, ______________________________________ থানা দক্ষিণ ২৪ পরগনা
১৩। জেলা শাসকের অফিস নোটিশ বোর্ড।
১৪। জেলা পরিষদের অফিস নোটিশ বোর্ড।
১৫। সভাধিপতি / জেলা শাসক-এর আপ্ত সহায়ক।

১৬ প্রধান,____________________ গ্রাম পঞ্চায়েত, দক্ষিণ ২৪ পরগনা। আপনার পঞ্চায়েতে অবস্থিত ফেরীঘাটে ২০২৩ - ২৪ আর্থিক বছরের নিলাম বিজ্ঞপ্তিটির প্রতিলিপি জনগণের স্বার্থে টাঙ্গানোর জন্য আপনাকে
অনুরোধ করা হল।

১৭। জেলা তথ্য বিশ্লেষক - জেলা পরিষদ, zps24pgs.gov.in ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণ করুন

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

## নিলামে / পুনর্নিলামে অংশগ্রহনের আবেদন পত্রের বয়ান

সংযোজনী - ২

প্রতি,

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ
আলিপুর, কলকাতা - ২৭

বিষয় : ................................ ফেরীঘাটের
নিলামে / পুনর্নিলামে অংশ গ্রহনের জন্য আবেদন।

মহাশয়,

আপনার নিকট আমার আবেদন এই যে আমি শ্রী / শ্রীমতী ................................ ........., পিতা / স্বামী .............................. (সম্পাদক / সভাপতি / সদস্য, ...........................) গ্রাম : ......................., পোষ্ট : ............ ........, থানা : ................, জেলা : দক্ষিণ ২৪ পরগণা, আমি .................. .................. তারিখের .................... ফেরীঘাটের নিলামে / পুনর্নিলামে অংশ গ্রহন করতে ইচ্ছুক।

সুতরাং আমাকে উক্ত ফেরীঘাটের নিলামে / পুনর্নিলামে অংশ গ্রহন করতে দেবার জন্য অনুরোধ করছি।

সংযোজনী:

১. প্যান কার্ড এর স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি ।
২. আধার কাড এর স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি ।
৩. আয়কর (Income Tax) জমার স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি ।
৪. রেজিস্ট্রেশন সার্টিফিকেট এর স্ব-প্রত্যয়িত (Self attested) ফটো কপি ।

ইতি

তারিখ : ..............

...........

......

(ইংরাজী) .......

.........

সংযোজনী - ৩

| ক্রমিক নং | ফাইল নং | ফেরীর নাম | থানার নাম | ব্লকের নাম | গতিপথ আরম্ভ | গতিপথ শেষ | নিলামের তারিখ | আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ও স্থান | বাৎসরিক ইজারামূল্য ব্যাংক ড্রাফটের মাধ্যমে নিয়ে আসতে হবে | প্রস্তাবিত ইজারাকাল |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | আর.ভি.- ১/১২/৬২ | গরানকাটি | কুলতলী ক্যানিং | কুলতলী ক্যানিং | | | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৩৯৬৭টাকা | ০১/০৪/২০২৩ হইতে ৩১/০৩/২০২৪ পর্যন্ত |
| ২ | আর.ভি.- ১/১১/৮২ | তাম্বুলদহ ক্যানিং সহায়ক মৌখালি | ক্যানিং বাসন্তী | ক্যানিং বাসন্তী | ক্যানিং | মৌখালি | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫২৬১৫ টাকা | |
| ৩ | আর.ভি.- ১/৭/৬৮ | মনোহরগঞ্জ | ডাঃহারবার - ১ ও ২ | ডাঃহারবার - ১ ও ২ | বাদারতলা | পাতরা | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪১৯৭৪ টাকা | |
| ৪ | আর.ভি.- ১/৬৭/.. | বারাতলা নয়াপাড়া | জয়নগর কুলতলী | জয়নগর কুলতলী | বারাতলা | নয়াপাড়া | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৯৬৮৬৬ টাকা | |
| ৫ | আর.ভি.- ১/৩৪/৮৯ | রামনগর আবাদ-১৫ নং কাশিয়াবাদ | কাকদ্বীপ পাথরপ্রতিমা | কাকদ্বীপ পাথরপ্রতিমা | রামনগর আবাদ | ১৫ নং কাশিয়াবাদ | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১২২৩৪ টাকা | |
| ৬ | আর.ভি.- ১/২৯/৮৯ | পশ্চিম সুরেন্দ্রনগর দঃদূর্গানগর ভায়া চুনপুরি ফরেস্ট | পাথরপ্রতিমা নামখানা | পাথরপ্রতিমা নামখানা | পশ্চিম সুরেন্দ্রনগর | দঃ দূর্গানগর | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১১৭৫৪৯ টাকা | |
| ৭ | আর.ভি.- ১/৫৭/০১ | মেরীগঞ্জ পশ্চিম শ্যামনগর | জয়নগর-২ কুলতলী | জয়নগর-২ কুলতলী | মেরীগঞ্জ | পশ্চিম শ্যামনগর | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২৯২৩০৯ টাকা | |
| ৮ | আর.ভি.- ১/৩৫/৮৯ | রুদ্রনগর কাকদ্বীপ | সাগর কাকদ্বীপ | সাগর কাকদ্বীপ | রুদ্রনগর | কাকদ্বীপ রুপচাঁদঘাট | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৮৫৪৫২ টাকা | |
| ৯ | আর.ভি.- ১/২৮/৮৯ | পশ্চিম দ্বারিকাপুর ঘুঘুডাঙা | কাকদ্বীপ | কাকদ্বীপ | পশ্চিম দ্বারিকাপুর | ঘুঘুডাঙা | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২১৩৯৯ টাকা | |
| ১০ | আর.ভি.- ১/১০/৮০ | বরদাপুর নারায়নপুর | পাথরপ্রতিমাা | পাথরপ্রতিমাা | বরদাপুর | নারায়নপুর | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২১৩৯৯ টাকা | |
| ১১ | আর.ভি.- ১/৭৫/.. | কোটাখালি | বাসন্তী গোসাবা | বাসন্তী গোসাবা | কোটাখালি | গোপাল কাটা | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৯৬৩৬৪ টাকা | |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

| ক্রমিক নং | ফাইল নং | ফেরীর নাম | থানার নাম | ব্লকের নাম | গতিপথ আরম্ভ | গতিপথ শেষ | নিলামের তারিখ | আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ও স্থান | নুন্যতম ইজারা মূল্য | প্রস্তাবিত ইজারাকাল |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১২ | আর.ভি.- ১/১৩/৮৯ | পূজালি কুমীরমারি হেমনগর | বাসন্তী গোসাবা | বাসন্তী গোসাবা | পূজালী | হেমনগর | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৭৫৩৮৫ টাকা | ০১/০৪/২০২৩ হইতে ৩১/০৩/২০২৪ পর্যন্ত |
| ১৩ | আর.ভি.- ১/১৬/৮৯ | দঃ সুরেন্দ্রগঞ্জ মোল্লারখাল নামখানা | পাথরপ্রতিমা নামখানা | পাথরপ্রতিমা নামখানা | দঃ সুরেন্দ্রগঞ্জ | নামখানা | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪৬৭৩৩ টাকা | |
| ১৪ | আর.ভি.- ১/২৩/৮৯ | কাশিয়াবাদ ইন্দ্রনারায়ণপুর | পাথরপ্রতিমা | পাথরপ্রতিমা | কাশিয়াবাদ | ইন্দ্রনারায়নপুর | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৬৬৬৬৬ টাকা | |
| ১৫ | আর.ভি.- ১/২৭/৮৯. | নারায়ণতলা হলদিবাড়ি | ক্যানিং বাসন্তী | ক্যানিং বাসন্তী | নারায়ণতলা | হলদিবাড়ী | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪৭৮৪৬ টাকা | |
| ১৬ | আর.ভি.- ১/৮৯/.. | সীতারামপুর কাকদ্বীপ (নুতন) | পাথরপ্রতিমা কাকদ্বীপ | পাথরপ্রতিমা কাকদ্বীপ | সীতারামপুর | কাকদ্বীপ | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৩৫০২ টাকা | |
| ১৭ | আর.ভি.- ১/৫৮(১)/০২ | বিরাটবাজার কাকদ্বীপ (নুতন) | পাথরপ্রতিমা কাকদ্বীপ | পাথরপ্রতিমা কাকদ্বীপ | বিরাটবাজার | কাকদ্বীপ | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৩৫০২ টাকা | |
| ১৮ | আর.ভি.- ১/৫৮(২)/০২ | কয়ালের বাজার কাকদ্বীপ (নুতন) | পাথরপ্রতিমা কাকদ্বীপ | পাথরপ্রতিমা কাকদ্বীপ | কয়ালেরবাজার | কাকদ্বীপ | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৩৫০২ টাকা | |
| ১৯ | আর.ভি.- ১/৫৮(৩)/০২ | কে-প্লট কাকদ্বীপ (নুতন) | পাথরপ্রতিমা কাকদ্বীপ | পাথরপ্রতিমা কাকদ্বীপ | কে-প্লট | কাকদ্বীপ | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৩৫০২ টাকা | |
| ২০ | আর.ভি.- ১/৫৮(৪)/০২ | উপেন্দ্রনগর কাকদ্বীপ (নুতন) | পাথরপ্রতিমা কাকদ্বীপ | পাথরপ্রতিমা কাকদ্বীপ | উপেন্দ্রনগর | কাকদ্বীপ | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৩৫০২ টাকা | |
| ২১ | আর.ভি.- ১/৪৪/৯৩ | উত্তর সুরেন্দ্রগঞ্জ নামখানা ভায়া জয়ামাইতীর ঘাট | পাথরপ্রতিমা নামখানা | পাথরপ্রতিমা নামখানা | উঃ সুরেন্দ্রগঞ্জ | নামখানা | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২৩৩৩৩৩ টাকা | |
| ২২ | আর.ভি.- ১/৫৮(৫)/০২ | সবুজের বাজার কাকদ্বীপ (নুতন) | মথুরাপুর-২ কাকদ্বীপ | মথুরাপুর-২ কাকদ্বীপ | সবুজের বাজার | কাকদ্বীপ | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৩৫০২ টাকা | |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

| ক্রমিক নং | ফাইল নং | ফেরীর নাম | থানার নাম | ব্লকের নাম | গতিপথ আরম্ভ | গতিপথ শেষ | নিলামের তারিখ | আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ও স্থান | নুন্যতম ইজারা মূল্য (টাকা) | প্রস্তাবিত ইজারাকাল |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২৩ | আর.ভি.- ১/৫৮(৬)/০২ | তটের বাজার কাকদ্বীপ (নুতন) | পাথরপ্রতিমা কাকদ্বীপ | পাথরপ্রতিমা কাকদ্বীপ | তটের বাজার | কাকদ্বীপ | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৩৫০২ টাকা | ০১/০৪/২০২৩ হইতে ৩১/০৩/২০২৪ পর্যন্ত |
| ২৪ | আর.ভি.- ১/১৭/৮৯ | দমকল কুয়েমুরি | পাথরপ্রতিমা মথুরাপুর-২ | পাথরপ্রতিমা মথুরাপুর-২ | দমকল | কুয়েমুরি | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫২০০০০ টাকা | |
| ২৫ | আর.ভি.- ১/১৯/৮৯ | দূর্বাচটি হরেন্দ্রনগর | কাকদ্বীপ পাথরপ্রতিমা | কাকদ্বীপ পাথরপ্রতিমা | দূর্বাচটী | হরেন্দ্রনগর | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৬৪৫৫৩৫ টাকা | |
| ২৬ | আর.ভি.- ১/১২/৮৯ | ব্রজবল্লভপুর নামখানা | পাথরপ্রতিমা নামখানা | পাথরপ্রতিমা নামখানা | ব্রজবল্লভপুর | নামখানা | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৬১০৫১ টাকা | |
| ২৭ | আর.ভি.- ১/৬৬/.. | বদকুলা | কুলতলী ক্যানিং | কুলতলী ক্যানিং | বদকুলা | মেরীগঞ্জ | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২৭১০৪৯ টাকা | |
| ২৮ | আর.ভি.- ১/১/৪১ | লট নং-১৪ | কাকদ্বীপ | কাকদ্বীপ | গুন্ডাঘাটা | লট নং-১৫ গুন্ডাঘাটা ভায়া গঙ্গাধরপুর | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৬১৮৯১৫ টাকা | |
| ২৯ | আর.ভি.- ১/১/৪২ | লট নং-১৫ | পাথরপ্রতিমা | পাথরপ্রতিমা | গুরুদাসপুর | পূর্ণচন্দ্রপুর | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৮৮৭০৬ টাকা | |
| ৩০ | আর.ভি.- | গোলাবাড়ি কাঁছারিঘাট ভায়া হাড়ভাঙি | ক্যানিং-১ | ক্যানিং-১ | গোলাবাড়ি | কাঁছারিঘাট | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১১৩১৪২ টাকা | |
| ৩১ | আর.ভি.- | মায়াগোয়ালিনি হলদিয়া | সাগর | সাগর | মায়াগোয়ালিনী | হলদিয়া | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৩৪৫৫০২ টাকা | |
| ৩২ | আর.ভি.- | পিছাখালি থেকে পাঁচুয়াখালি | জয়নগর কুলতলী | জয়নগর কুলতলী | পিছাখালি | পাচুয়াখালি | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২৫৭৭৭৮ টাকা | |
| ৩৩ | আর.ভি.- | লট নং-১১১/১১২ | কাকদ্বীপ পাথরপ্রতিমা | কাকদ্বীপ পাথরপ্রতিমা | গঙ্গাধরপুর | আদ্দিরবাজার | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৮৫৭২৮৫ টাকা | |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

| ক্রমিক নং | ফাইল নং | ফেরীর নাম | থানার নাম | ব্লকের নাম | গতিপথ আরম্ভ | গতিপথ শেষ | নিলামের তারিখ | আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ও স্থান | নুন্যতম ইজারা মূল্য | প্রস্তাবিত ইজারাকাল |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩৪ | আর.ভি.- | পুজালী - যোগেশগঞ্জ | বাসন্তী সন্দেশখালি | বাসন্তী সন্দেশখালি | পুজালী | যোগেশগঞ্জ | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪৮৭০৪ টাকা | ০১/০৪/২০২৩ হইতে ৩১/০৩/২০২৪ পর্যন্ত |
| ৩৫ | আর.ভি - ১/৩৯/৮৯ | শোচেখালী ঝাউখালী | বাসন্তী গোসাবা | বাসন্তী গোসাবা | শোচেখালী | ঝাউখালী | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৪৯০০০ টাকা | |
| ৩৬ | আর.ভি - ১/৩২/৮৯ | কুয়েমুরী মৈপীঠ | পাথরপ্রতিমা কুলতলী | পাথরপ্রতিমা কুলতলী | কুয়েমুরী | মৈপীঠ | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২২৩৬৪৩ টাকা | |
| ৩৭ | আর.ভি - ১/৫৬/০১ | শম্ভুনগর গাববেড়িয়া চুনাখালি | বাসন্তী গোসাবা | বাসন্তী গোসাবা | শম্ভুনগর | চুনাখালি | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১৪৬০০০ টাকা | |
| ৩৮ | আর.ভি | গদখালি থেকে বালি | বাসন্তী গোসাবা | বাসন্তী গোসাবা | গদখালি | বালি | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৪৩০০০ টাকা | |
| ৩৯ | আর.ভি | সুমতিনগর চিংড়াখালি | সাগর | সাগর | সুমতিনগর | চিংড়াখালি | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৪৯২৬২ টাকা | |
| ৪০ | আর.ভি.- ১/৩৩/৮৯ | কুয়েমুরী তাঁতিরখাল জগন্নাথ চকখালি | পাথরপ্রতিমা মথুরাপুর - ২ | পাথরপ্রতিমা মথুরাপুর - ২ | কুয়েমুরী | জগন্নাথ চকখালি | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২০২৫৬৮ টাকা | |
| ৪১ | আর.ভি | গোবিন্দপুর থেকে চিংড়াখালি | সাগর | সাগর | গোবিন্দপুর | চিংড়াখালি | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৪৪২৭৪৪ টাকা | |
| ৪২ | আর.ভি | কয়লাপাড়া থেকে কাকদ্বীপ | সাগর - কাকদ্বীপ | সাগর - কাকদ্বীপ | কয়লাপাড়া | কাকদ্বীপ - রূপচাঁদঘাট | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৬৮৩২৪ টাকা | |
| ৪৩ | আর.ভি ১/৪৬/৯৪ | মাঝের খেয়া | মথুরাপুর - ২ | মথুরাপুর - ২ | পূর্বজটা | দেবীপুর | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৫৭৪৫৪৮ টাকা | |
| ৪৪ | আর.ভি.- ১/৩৮/৮৯ | শিকারপুর কাকদ্বীপ | সাগর কাকদ্বীপ | সাগর কাকদ্বীপ | শিকারপুর | কাকদ্বীপ রূপচাঁদ ঘাট | ২৭/০৩/২০২৩ | ২৭/০৩/২০২৩ দুপুর ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২০০০০০ টাকা | |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

D:\FERRY NILAM Table (2023-24) 22.03.23 (22.02.23).doc

| ক্রমিক নং | ফাইল নং | ফেরীর নাম | থানার নাম | ব্লকের নাম | গতিপথ আরম্ভ | গতিপথ শেষ | নিলামের তারিখ | আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ও স্থান | নুন্যতম ইজারা মূল্য | প্রস্তাবিত ইজারাকাল |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪৫ | আর.ভি.-১/৫০/৯৮ | ঢাকির খেয়া (নতুন) | কুলতলি | কুলতলি | ঢাকিরমুখ | | ২২/০৩/২০২৩ | ২২/০৩/২০২৩ বিকাল ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৩৮০০০০ টাকা | ০১/০৪/২০২৩ হইতে ৩১/০৩/২০২৪ পর্যন্ত |
| ৪৬ | আর.ভি/ফেরী/২৩ | কাকদ্বীপ মাডপয়েন্ট কালীজঙ্গল | সাগর | সাগর | ঘোড়ামারা | লট নং - ৮ | ২২/০৩/২০২৩ | ২২/০৩/২০২৩ বিকাল ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৪২৮৫৭১ টাকা | |
| ৪৭ | আর.ভি | গোবিন্দপুর কাকদ্বীপ | সাগর | সাগর | গোবিন্দপুর | কাকদ্বীপ | ২২/০৩/২০২৩ | ২২/০৩/২০২৩ বিকাল ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৬১৭১৪৩ টাকা | |
| ৪৮ | আর.ভি | মুড়িগঙ্গা কাকদ্বীপ | সাগর | সাগর কাকদ্বীপ | মুড়িগঙ্গা | কাকদ্বীপ | ২২/০৩/২০২৩ | ২২/০৩/২০২৩ বিকাল ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৪৬২৮৫৭ টাকা | |
| ৪৯ | আর.ভি | চিমাগুড়ি - কাকদ্বীপ | সাগর - কাকদ্বীপ | সাগর - কাকদ্বীপ | চিমাগুড়ি বাজার | কাকদ্বীপ - রূপচাঁদঘাট | ২২/০৩/২০২৩ | ২২/০৩/২০২৩ বিকাল ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৪৩৭১৪২ টাকা | |
| ৫০ | আর.ভি | সুমতিনগর থেকে নামখানা ভায়া মৃত্যুঞ্জয়নগর | সাগর নামখানা | সাগর নামখানা | সুমতিনগর | নামখানা | ২২/০৩/২০২৩ | ২২/০৩/২০২৩ বিকাল ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৮৬৫৭১৪ টাকা | |
| ৫১ | আর.ভি | চিমাগুড়ি পাতিখালি | সাগর | সাগর | চিমাগুড়ি | পাতিখালি | ২২/০৩/২০২৩ | ২২/০৩/২০২৩ বিকাল ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ১২৪০১০ টাকা | |
| ৫২ | আর.ভি ১/১৮/৮৯ | দিগম্বরপুর কৈলাশপুর | পাথরপ্রতিমা | পাথরপ্রতিমা | দিগম্বরপুর | কৈলাশপুর | ২২/০৩/২০২৩ | ২২/০৩/২০২৩ বিকাল ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ৩৭৬৩১০ টাকা | |
| ৫৩ | আর.ভি | সুমতিনগর থেকে কাকদ্বীপ ভায়া মৃত্যুঞ্জয় নগর | সাগর - কাকদ্বীপ | সাগর - কাকদ্বীপ | সুমতিনগর | কাকদ্বীপ - রূপচাঁদঘাট | ২২/০৩/২০২৩ | ২২/০৩/২০২৩ বিকাল ১২টার মধ্যে, সচিব-এর কক্ষের ড্রপ বক্স-এ | ২৪০০০০ টাকা | ০১/০৫/২০২৩ হইতে ৩১/০৩/২০২৪ পর্যন্ত |

অপর নির্বাহী আধিকারিক
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ